# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 16-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

(১) নির্বাচন কমিশনের আগামী লোকসভা নির্বাচনের সময়সূচী ঘোষণা/ সাতটি পর্যায়ে ভোটগ্রহণ/ আগামী চৌঠা জুন ভোটগণনা/

(২) আসামে তিনটি পর্যায়ে ভোটগ্রহণ/ বরাক উপত্যকার দুটি আসনে আগামী ২৬শে এপ্রিল নির্বাচন/

(৩) নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে অবৈধ অর্থের লেনদেনের উপর কড়া দৃষ্টি রাখা হবে বলে নির্বাচন কমিশনের প্রকাশ/

এবং

(৪) ভারতীয় প্রশাসনিক সেবার প্রাক্তন আধিকারিক নবনীত কুমার সেহগলের প্রসার ভারতীর নতুন অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ/ ভারতীয় তথ্য সেবার প্রবীণ আধিকারিক মৌসুমী চক্রবর্তীকে আকাশবানীর সংবাদ বিভাগের পরবর্তী সঞ্চালক প্রধানের দায়িত্ব/

---------------------------------------------------------------------------

মোট ৭ টি পর্যায়ে আগামী ১৯ এপ্রিল থেকে লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হবে এবং ভোট গণনা আগামী চৌঠা জুন অনুষ্ঠিত হবে । আসামে তিনটি পর্যায়ে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে । প্রথম পর্যায় আগামী ১৯ এপ্রিল , দ্বিতীয় পর্যায় ২৬

এপ্রিল এবং তৃতীয় পর্যায়ে আগামী ৭ মে ভোট গ্রহণ করা হবে । প্রথম পর্যায়ের জন্য আগামী ২০ শে মার্চ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারী করা হবে । এই পর্যায়ের মনোনয়নপত্র দাখিল করার শেষ দিন ২৭ মার্চ এবং মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে ৩০ মার্চ । রাজ্যে নবগঠিত কাজিরাঙ্গা আসান সহ শোনিতপুর , লক্ষিমপুর , ডিব্রুগড় , এবং যোরহাট লোকসভা আসনের জন্য প্রথম পর্যায়ে ভোট গ্রহণ করা হবে । বরাক উপত্যকার শিলচর ও করিমগঞ্জ এই দুটি লোকসভা আসন সহ দরং-ওদালগুড়ি , ডিফু এবং নগাও লোকসভা আসনের জন্য দ্বিতীয় পর্যয়ে আগামী ২৬ এপ্রিল ভোট গ্রহণ করা হবে । তৃতীয় পর্যায়ে গৌহাটি , বরপেটা , ধুবরী এবং কোকরাঝাড় আসনের জন্য ভোট নেওয়া হবে । মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ বিকেলে নতুন দিল্লিতে সাংবাদিক সম্মেলনে লোকসভা নির্বাচনের এই সময় সূচি ঘোষণা করে জানিয়েছেন যে একই সঙ্গে কয়েকটি রাজ্যের বিধানসভার জন্যও ওই একই সময়ে ভোট গ্রহণ করা হবে । নতুন দিল্লীতে আজ এই সময়সূচি ঘোষণা করে নির্বাচন কমিশনার আরো জানিয়েছেন যে দেশের এইসর্ববৃহৎ গণতান্ত্রিক উৎসবকে অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন সম্পূর্ণ প্রস্তুত রয়েছে । তিনি বলেন যে ভারতে বর্তমানে প্রায় ৯৭ কোটি ভোটদাতা রয়েছেন এবং এদের ভোটদান পর্ব সম্পন্ন করতে সর্বমোট ১০ লক্ষ ৫০ হাজার ভোট কেন্দ্র স্থাপন করে ১ কোটি ৫০ লক্ষ নির্বাচনী আধিকারিক নিযুক্ত করা হবে । এবারের নির্বাচনে মোট ১ কোটি ৮২ লক্ষ নতুন ভোটদাতা প্রথম বারের মত তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন বলেও শ্রী কুমার উল্লেখ করেছেন । তিনি জানিয়েছেন যে নির্বাচন কমিশন ৮৫ বছরের উর্দ্ধের প্রবীন নাগরিক এবং বিশেষভাবে সক্ষম ব্যাক্তিদের নিজ নিজ বাড়ি থেকে ভোটদান করার সুযোগ প্রদানেরও ব্যবস্থা করেছে । শ্রী কুমার বলেছেন যে নির্বাচনে কোন দল যদি কোনো ধরণের গুরুতর অপরাধের দায়ে মামলা নথিভুক্ত থাকা ব্যাক্তিকে প্রার্থীত্ব প্রদান করে তবে ওই দলকে এ সম্পর্কে কারণ দর্শাতে হবে । কমিশন জানিয়েছে যে অবাধ ও সুষ্ঠ নির্বাচন পরিচালনা করার ক্ষত্রে শক্তি প্রয়োগ , অর্থের বিনিময়ে ভোট ক্রয় , ভূল তথ্য পরিবেশন এবং আদর্শ নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ করার মত বিষয়গুলি

সবচেয় বড় প্রত্যাহ্বান হিসেবে গ্রহণ করা হয়েছে এবং যে কোন পরিস্থিতিতে এ ধরণের ঘটনা প্রতিহত করা হবে । তিনি বলেন যে এ ধরণের ঘটনার বিরুদ্ধে কমিশন কঠোর পদক্ষেপ গ্রহণ করবে এবং প্রয়োজনে ভোটের দিন ড্রোন ব্যবহার করা হবে । নির্বাচনের সময় অর্থের অবৈধ লেনদেন রোধ করতে বিধি বলবৎকারী সংস্থাগুলিকে সতর্ক দৃষ্টি রাখার নির্দেশ দেওয়া হয়েছে । কমিশন রাজনৈতিক দলগুলিকে সামাজিক মাধ্যমের ব্যবহারের ক্ষেত্রে দায়বদ্ধতা বজায় রাখার পরামর্শ দিয়েছে । ভূয় সংবাদ প্রচার করা লোকেদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করা হবে বলে কমিশন সতর্ক করে দিয়েছে । উল্লেখ্য যে চলতি লোকসভার কার্যকাল আগামী ১৬ জুন সমাপ্ত হবে ।

-------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগ ( এ পি এস সি )-র চলতি বছরের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রারম্ভিক পরীক্ষা আগামী ১৮ মার্চ অনুষ্ঠিত হবে । রাজ্যের যেসব জেলায় এই পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষাকেন্দ্র স্থাপন করা হয়েছে সেসব কেন্দ্রে আগামী ১৮ মার্চ অর্থাৎ আগামী সোমবার দুপুর ১২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এই পরীক্ষা গ্রহণ করা হবে । এই পরীক্ষা অবাধ , সুষ্ঠ এবং স্বচ্ছ ভাবে সম্পন্ন করতে পরীক্ষা কেন্দ্র গুলির পার্শবর্তী স্থানে জেলা দুর্যোগ মোকাবিলা বাহিনীর  কার্যালয়গুলিতে একটি করে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে । পরীক্ষার দিন প্রার্থীরা সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত পরীক্ষা সম্পর্কীত যে কোন বিষয়ের জন্য ওই নিয়ন্ত্রণ কক্ষগুলিতে যোগাযোগ করতে পারবেন ।

-------------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের প্রাক্কালে ভারতীয় জনতা পার্টি আজ ‘মে মোদী কে পরিবার হুঁ’ শীর্ষক একটি গানের ভিডিও সম্প্রচার করেছে । সামাজিক মাধ্যমের একটি পোস্টে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ভিডিওটি শেয়ার করেছেন । এই ভিডিওটিতে সরকারের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প সহ অন্যান্য বিষয়ের উপর আলোকপাত করা হয়েছে । উল্লেখ্য- প্রধানমন্ত্রী শ্রী মোদীর তেলেঙ্গানার একটি নির্বাচনী সভায় দেওয়া শ্লোগানের ভিত্তিতে এই গানের ভিডিওটির বিষয়বস্তু ‘মে মোদী কা পরিবার হুঁ’ বাছাই করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগ ( এ পি এস সি )-র চলতি বছরের সংযুক্ত প্রতিযোগিতামূলক প্রিলিমিনারি পরীক্ষা আগামী ১৮ ই মার্চ অনুষ্ঠিত হবে । রাজ্যের যেসব জেলায় এই পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষাকেন্দ্র স্থাপন করা হয়েছে সেসব কেন্দ্রে আগামী ১৮ মার্চ অর্থাৎ আগামী সোমবার দুপুর ১২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এই পরীক্ষা গ্রহণ করা হবে । এই পরীক্ষা অবাধ , সুষ্ঠ এবং স্বচ্ছ ভাবে সম্পন্ন করতে পরীক্ষা কেন্দ্র গুলির পার্শবর্তী স্থানে জেলা দুর্যোগ মোকাবিলা বাহিনীর  কার্যালয়গুলিতে একটি করে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে । পরীক্ষার দিন প্রার্থীরা সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত এই পরীক্ষা সম্পর্কীত যে কোন বিষয়ের জন্য ওই নিয়ন্ত্রণ কক্ষগুলিতে যোগাযোগ করতে পারবেন ।

-----------------------------------------------------------------------------

করিমগঞ্জে আগামী সোমবার অনুষ্ঠেয় এ পি এস সি (কম্বাইন্ড) প্রতিযোগিতামূলক প্রিলিমিনারি পরীক্ষা ২০২৩ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য করিমগঞ্জের জেলা ম্যাজিস্ট্রেট ১৪৪ ধারার অধিনে কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । করিমগঞ্জ শহরের সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং রবীন্দ্র সদন মহিলা কলেজ এই দুটি কেন্দ্রে এই পরীক্ষা আগামী সোমবার অনুষ্ঠিত হবে । এই নিষেধাজ্ঞা অনুসারে আগামী সোমবার সকাল আটটা থেকে সন্ধ্যে ছ'টা পর্যন্ত পরীক্ষা কেন্দ্রগুলির একশো মিটার ব্যাসার্ধের এলাকায় অনুমোদন বিহীন ব্যক্তির প্রবেশ বন্ধ করা হয়েছে । এছাড়া ঐ এলাকার মধ্যে কোনোধরণের অস্ত্রশস্ত্র, বিস্ফোরক সামগ্রী অথবা অন্য কোনো সন্দেহজনক বস্তু নিয়ে চলাচল করা যাবেনা । ঐ এলাকায় অনুমোদন বিহীন যানবাহনের অবৈধ পার্কিংও নিষিদ্ধ করা হয়েছে । অন্যদিকে পরীক্ষা কেন্দ্রগুলির ২০০ মিটার ব্যাসার্ধের মধ্যে লাউড স্পীকার এবং উচ্চ শব্দমাত্রা সৃষ্টিকারী যন্ত্রের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে । পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে এই আদেশ তাৎক্ষণিকভাবে বলবৎ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------

সর্ব ভারতীয় আয়ুর্বিজ্ঞান প্রতিষ্ঠান (এইম্‌স)-নতুনদিল্লিতে প্রথমবারের জন্য

দ্বৈত বৃক্ক বা কিডনি সংস্থাপন করা সম্ভব হয়েছে । হাসপাতালটির ট্রোমা কেন্দ্রে ভর্তি মাথায় গুরুতর আঘাতপ্রাপ্ত একজন ৭৮ বছরের মহিলা তাঁর দুটি কিডনিই দান করেছিলেন । মহিলাটির ব্রেইন ডেড হিসেবে ঘোষণা করার পর তাঁর পরিবারের লোকজন অঙ্গদানে সম্মতি প্রকাশ করেন । সেই অনুসারে তাঁর দুটি কিডনিই সংরক্ষিত করে রাখা হয়েছে । এইম্‌স কর্তৃপক্ষ জানিয়েছে যে-হাসপাতালে অঙ্গদান করা এই মহিলা হচ্ছেন দ্বিতীয় বর্ষীয়ান মহিলা । এদিকে ডায়ালিসিস চলতে থাকা জনৈক ৫১ বছরের মহিলার দেহে ঐ দুটি কিডনিই সংস্থাপন করা হয়েছে। হাসপাতালটির সার্জারি ও নেফ্রোলজি বিভাগের তত্ত্বাবধানে এই সফল অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে । কিডনি গ্রহণকারী মহিলাটি বর্তমানে সুস্থ রয়েছেন বলে এইম্‌স হাসপাতাল সূত্রে জানানো হয়েছে ।

---

ভারতীয় প্রশাসনিক সেবার প্রাক্তন আধিকারিক নবনীত কুমার সেহগল আজ প্রসার ভারতীর নতুন অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন । শ্রী সেহগল ১৯৮৮ ব্যাচের উত্তর প্রদেশ ক্যাডারের অবসরপ্রাপ্ত আমলা । প্রসার ভারতীর অধ্যক্ষ হিসেবে কার্যকাল সম্পূর্ণ করে ২০২০ সালে এ সূর্য প্রকাশ অবসর গ্রহণ করেন । এবং তাঁর উত্তরাধিকারী হিসেবে শ্রী সেহগলকে এই পদে নিযুক্তি দেওয়া হয় । উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়ের নেতৃত্বে গঠিত বাছাই কমিটির অনুমোদনের পর রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নবনীত কুমার সেহগলকে প্রসার ভারতীর নতুন অধ্যক্ষ হিসেবে নিযুক্তি দেন । এদিকে ভারতীয় তথ্য সেবার প্রবীণ আধিকারিক মৌসুমী চক্রবর্তী আকাশবাণীর সংবাদ সেবা বিভাগের পরবর্তী সঞ্চালক প্রধানের দায়িত্বভার গ্রহণ করেছেন । শ্রীমতি চক্রবর্তী এর আগে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বিভিন্ন পদে কাজ করেছেন । বর্তমানে তিনি আকাশবাণীর সংবাদ বিভাগের বিশেষ দায়িত্বপ্রাপ্ত হিসেবে কার্যনির্বাহ করছেন ।

---

কাছাড় জেলায় আসন্ন লোকসভা নির্বাচনের প্রশিক্ষণ ও সচেতনতা সেলের পক্ষ থেকে জানানো হয়েছে যে বিভিন্ন এ এল এম টি অর্থাৎ মাষ্টার ট্রেনারদের ই-ভি-এম এবং ভি-ভি-পেট ছাড়াও অন্যন্য নির্বাচন পদ্ধতির ওপর প্রথম

পর্যায়ের প্রশিক্ষণ প্রদান কার্যসূচি আগামী ১৮ , ১৯ এবং ২০ মার্চ সকাল ও বিকেল দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত এবং দুপুর দেড়টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত শিলচরের নরসিং স্কুল এবং সরকারী বালক বিদ্যালয় হায়ার সেকেন্ডারি স্কুলে অনুষ্ঠিত হবে । মাষ্টার ট্রেনারদের নির্ধারিত সময়ের আধা ঘন্টা আগে প্রশিক্ষণ স্থলে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হয়েছে । বিস্তারিত তথ্যের জন্য সেলের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------

সেলের পক্ষ থেকে আরো জানানো হয়েছে যে প্রথম পর্যায়ের ই ভি এম / ভি ভি পেট প্রশিক্ষণ আগামী ১৯ মার্চ শিলচরের কাছাড় কলেজে অনুষ্ঠিত হবে । ওই দিন সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এবং দেড়টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত দুটি পর্যায়ে এই প্রশিক্ষণ প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে কাছাড় জেলা নির্বাচনের এম সি সি এবং আইন ও শৃঙ্খলা সেলের আধিকারিক জেলার সব বিভাগীয় প্রধানদের এক নির্দেশে যে কোন ধরণের উন্নয়ন মূলক শ্লগান সম্বলিত সাইনবোর্ড , ব্যানার , রাজনৈতিক বার্তা ও ছবি সম্বলিত হোর্ডিং ইত্যাদি সরিয়ে নিয়ে যাওয়ার বিষয়টি নিশ্চিত করতে বলেছেন ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা ম্যাজিস্ট্রেট আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে জেলার লাইসেন্সধারী অস্ত্রশস্ত্রের মালিকদের অতি শীঘ্র তাদের অস্ত্রশস্ত্র সংশ্লিষ্ট পুলিশ স্টেশনে জমা দেওয়ার আদেশ জারী করেছেন । এতে নির্বাচনের ফলাফল ঘোষণা হওয়ার পর অস্ত্রশস্ত্রের মালিকরা সংশ্লিষ্ট পুলিশ স্টেশন থেকে তাদের অস্ত্রশস্ত্র জমা দেওয়ার রসিদ দেখিয়ে সেসব পুনরায় ফেরত নিতে পারবেন বলে আদেশে উল্লেখ করা হয়েছে । এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে ১৯৫৯ সালের আর্মস এ্যাক্টের অধীনে আইনী ব্যবস্থা নেওয়া হবে এবং তাদের লাইসেন্স বাতিল করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় নেশাজাত সামগ্রী বাজেয়াপ্ত করার অভিযানে আবারো বড় রকমের সাফল্য পেয়েছে করিমগঞ্জ পুলিশ । উত্তর প্রদেশ থেকে করিমগঞ্জ হয়ে আগরতলা নিয়ে যাওয়ার পথে চুরাইবাড়ী পুলিশ আজ সকালে একটি লরীতে তল্লাশি চালিয়ে চারশোটি কার্টনে মোট ৬৪ হাজার ৩২০ বোতল এসকফ সিরাপ বাজেয়াপ্ত করেছে । কালোবাজারে যার মূল্য প্রায় সাত কোটি টাকা । এই ঘটনায় লরীর চালক ও পাথারকান্দির কলকলিঘাটের এক ব্যক্তিকে আটক করে তদন্ত আরম্ভ হয়েছে ।

---------------------------------------------------------------------------